# শ্যামনগরে বিট পুলিশিং সমাবেশে অপরাধ দমনে জনসচেতনতার আহ্বান



সংগৃহীত ছবি

সাতক্ষীরার শ্যামনগর থানার আয়োজনে গাবুরা ইউনিয়নে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মাদক, সন্ত্রাস, চাঁদাবাজি ও ভূমি দস্যুতা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি এবং পুলিশ-জনগণের পারস্পরিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ করা হয়।

আজ (১৮ সেপ্টেম্বর ) বৃহস্পতিবার সাতক্ষীরা জেলার শ্যামনগর থানার আয়োজনে ১২নং গাবুরা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে এক বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন শ্যামনগর থানার অফিসার ইনচার্জ মোঃ হুমায়ুন কবির মোল্লা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাতক্ষীরা জেলা পুলিশের অভিভাবক সুযোগ্য পুলিশ সুপার জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার (দেবহাটা সার্কেল) মোঃ হাফিজুর রহমান এবং গাবুরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মাহসুদুর রহমান।

সমাবেশে বক্তারা বলেন, মাদক, সন্ত্রাস, চাঁদাবাজি, চোরাচালান ও ভূমি দস্যুতা সমাজের জন্য মারাত্মক হুমকি। এসব অপরাধ দমনে পুলিশ একা সফল হতে পারবে না, তাই জনগণের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য। পুলিশ-জনগণের সমন্বয় বাড়ালে সমাজে স্থায়ী শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা সম্ভব হবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, স্থানীয় সুধীজন, সাধারণ জনগণ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা।

LENS ASIA